

২০২১

বাংলা — সাধারণ

প্রথম সেমেস্টার

পত্র : GE/CC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা গদ্যের বিকাশে রাজা রামমোহন রায়ের অবদান আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১০
- ২। (ক) বাংলা কাব্য-কবিতার ধারায় কবি জীবনানন্দ দাশের অবদান আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলা নাট্যসাহিত্যের ধারায় বিজন ভট্টাচার্যের কৃতিত্ব বিশ্লেষণ করো। ১০
- ৩। (ক) ঔপন্যাসিক হিসেবে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের মূল্যায়ন করো। ১০
অথবা,
(খ) বাংলা ছোটগল্পের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৪। (ক) বাংলা সাহিত্যের ইতিহাসে 'আলালের ঘরের দুলাল'-এর গুরুত্ব নির্দেশ করো। ৫
অথবা,
(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কমলাকান্তের দপ্তর'-এর বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৫
- ৫। (ক) ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিকৃতিত্ব নিরূপণ করো। ৫
অথবা,
(খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। (ক) ঔপন্যাসিক হিসাবে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(খ) বাংলা ছোটগল্পের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের বিশিষ্টতার ক্ষেত্রগুলি সূত্রাকারে চিহ্নিত লেখো।

৫

৭। যে-কোনো একটি টীকা লেখো।

৫×১

(ক) সীতার বনবাস

(খ) শর্মিষ্ঠা নাটক

(গ) কৃষ্ণকান্তের উইল।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের একটি গ্রন্থের নাম লেখো।

(খ) ফোর্ট উইলিয়াম কলেজ কত খ্রিস্টাব্দে স্থাপিত হয়?

(গ) 'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়' গ্রন্থের রচয়িতা কে?

(ঘ) 'উত্তর তিরিশ' কার লেখা?

(ঙ) মাইকেল মধুসূদন দত্ত রচিত পত্রকাব্যটির নাম কী?

(চ) 'বন্ধুবিয়োগ' কাব্যগ্রন্থটি কার লেখা?

(ছ) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী ছিল?

(জ) কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

(ঝ) 'গৌড়ীয় ব্যাকরণ' কার রচনা?

(ঞ) 'পাষণী' নাটকটির রচয়িতা কে?

(ট) 'সপ্তমীতে বিসর্জন' কার লেখা?

(ঠ) 'হতোম প্যাঁচার নকশা' কার লেখা?

(ড) তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের একটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

(ঢ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের আত্মজীবনীমূলক উপন্যাসটির নাম কী?

(ণ) 'নৌকাডুবি' কার লেখা?